

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৩৬. আযানের পর কোন ওযর ছাড়া জামাতে নামায না পড়ে মসজিদ থেকে বের হয়ে যাওয়া

আযানের পর কোন ওযর ছাড়া জামাতে নামায না পড়ে মসজিদ থেকে বের হয়ে যাওয়া আরেকটি হারাম কাজ। আবৃশ্লা'সা' (রাহিমাহুল্লাহ) থেকে বর্ণিত তিনি বলেন:

كُنَّا قُعُوْدًا فِيْ الْمَسْجِدِ مَعَ أَبِيْ هُرَيْرَةَ ، فَأَذَّنَ الْمُؤَدِّنُ، فَقَامَ رَجُلٌ مِنَ الْمَسْجِدِ يَمْشِيْ، فَأَتْبَعَهُ أَبُوْ هُرَيْرَةَ بَصَرَهُ حَتَّى خَرَجَ مِنَ الْمَسْجِدِ، فَقَالَ أَبُوْ هُرَيْرَةَ : أَمَّا هَذَا فَقَدْ عَصنَى أَبَا الْقَاسِمِ .

"আমরা একদা আবূ হুরাইরাহ্ (রাঃ) এর সাথে মসজিদে বসা ছিলাম। এমতাবস্থায় মুআয্যিন আযান দিলো। তখন জনৈক ব্যক্তি মসজিদ থেকে বের হয়ে যাচ্ছিলো। আবূ হুরাইরাহ্ (রাঃ) তার দিকে অপলক তাকিয়েই থাকলেন যতক্ষণ না সে মসজিদ থেকে বের হয়ে গেলো। তখন আবূ হুরাইরাহ্ (রাঃ) বললেন: এ তো রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর বিরুদ্ধাচরণ করলো"। (মুসলিম ৫/১৬২)

রাসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

إِذَا أَذَّنَ الْمُؤَذِّنُ فَلَا يَخْرُجْ أَحَدٌ حَتَّى يُصلِّيَ.

''যখন মুআয্যিন আযান দিবে তখন তোমাদের কেউ (মসজিদ থেকে) বের হবে না যতক্ষণ না সে (উক্ত মসজিদে) নামায পড়ে নেয়''।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6812

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন